বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
EMBASSY OF BANGLADESH
EMBAJADA DE BANGLADESH
MADRID

"মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি"

১৯.০১.৩৪০১.২০০.৩৩.০০৯.২১ ১৮ জানুয়ারি ২০২৩

## প্রেস বিজ্ঞপ্তি

### বাংলাদেশীদের ভিসা প্রক্রিয়া সহজীকরণের জন্য রাষ্ট্রদূত স্পেন সরকারকে অনুরোধ জানিয়েছেন

মাদ্রিদে স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ে আজ অনুষ্ঠিত এক দ্বিপাক্ষিক বৈঠকে স্পেনে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ সারওয়ার মাহমুদ, এনডিসি বাংলাদেশী নাগরিকদের ভিসা প্রক্রিয়া সহজীকরণের জন্য দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক (কনস্যুলার) খ্যাভিয়ের মার্তি মার্তিকে অনুরোধ জানিয়েছেন। রাষ্ট্রদূত বলেন, "ইউরোপীয় ইউনিয়নের মধ্যে বাংলাদেশের দ্বিতীয় সর্বোচ্চ রপ্তানি গন্তব্য স্পেন। এশিয়ায় স্পেনের চতুর্থ বৃহত্তম বাণিজ্য অংশীদার বাংলাদেশ। বাণিজ্য ও বিনিয়োগ সহ অন্যান্য সম্ভাবনাময় ক্ষেত্রে দুই দেশের মধ্যে সম্পর্ক ক্রমবর্ধমান। ভিসা প্রক্রিয়া সহজ করা হলে দুই দেশের জনগণ, বিশেষত ব্যক্তিখাতের উদ্যোক্তা ও ব্যবসায়ীগণ উপকৃত হবেন এবং দ্বিপাক্ষিক সম্পর্ক আরও সম্প্রসারিত হবে।"

বর্তমানে শুধুমাত্র স্পেনের ক্ষেত্রে বাংলাদেশী অভিবাসীদের পুলিশ ক্লিয়ারেন্স সনদ ঢাকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে গ্রহণের আবশ্যকতা রয়েছে। প্রবাসীদের জন্য এই প্রক্রিয়া অত্যন্ত সময়সাপেক্ষ, দুরূহ ও কষ্টসাধ্য উল্লেখ করে রাষ্ট্রদূত বলেন, "স্পেনে বসবাসরত ৫০,০০০ এরও বেশী বাংলাদেশী ইউরোপীয় ইউনিয়নের দ্বিতীয় বৃহত্তম প্রবাসী কমিউনিটি। তাঁরা দুই দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। বাংলাদেশ পুলিশ কর্তৃক ইস্যুকৃত ডিজিটালাইজড পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট স্পেন ছাড়া বিশ্বের সব দেশেই স্বীকৃত ও গ্রহণযোগ্য। বর্তমানে যেহেতু বাংলাদেশীদের সকল পাসপোর্টই মেশিন রিডেবল পাসপোর্ট অথবা ই-পাসপোর্ট, সেহেতু স্পেনীয় কর্তৃপক্ষ যদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিবর্তে বাংলাদেশ পুলিশ কর্তৃক ইস্যুকৃত ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত পুলিশ ক্লিয়ারেন্স সনদকে গ্রহণযোগ্য বিবেচনা করে, তাহলে তা প্রবাসীদের ভোগান্তি লাঘবে অনেক সহায়ক হবে।" বাংলাদেশের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ও সত্যায়িত প্রবাসীদের বিবাহ সনদকে গ্রহণযোগ্য বিবেচনা করার জন্যও স্পেন সরকারকে রাষ্ট্রদূত অনুরোধ জানিয়েছেন।

রাষ্ট্রদূত আরও বলেন, তথ্যপ্রযুক্তি ও কৃষি সহ অন্যান্য ক্ষেত্রে বাংলাদেশের সুদক্ষ কর্মী ও পেশাজীবীদের স্পেনে নিয়োগের মাধ্যমে স্বাগতিক অর্থনীতি লাভবান হতে পারে। স্পেনের গালিসিয়া প্রদেশের কারাগারে আটক পাঁচজন বাংলাদেশী নাগরিকের মুক্তির বিষয়টি ত্বরান্বিত করার ক্ষেত্রে স্পেনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহায়তা কামনা করেন রাষ্ট্রদূত।

এ সকল বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সাথে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে রাষ্ট্রদূতকে আশ্বস্ত করেন মহাপরিচালক খ্যাভিয়ের মার্তি মার্তি। অত্যন্ত হৃদ্যতাপূর্ণ পরিবেশে বৈঠকটি অনুষ্ঠিত হয়।

EMBASSY OF BANGLADESH MADRID, SPAIN

Calle Manuel Marañón 13, 28043, Madrid, Tel:(+34) 914019932,914023085, Fax:(+34) 914029564, E-mail: mission.madrid@mofa.gov.bd, www.bangladeshembassy.es

বাংলাদেশ দূতাবাস, মাদ্রিদ
EMBASSY OF BANGLADESH
EMBAJADA DE BANGLADESH
MADRID

"মুজিববর্ষের কূটনীতি, প্রগতি ও সম্প্রীতি"

19.01.3401.200.33.009.21 18 January 2023

## Press Release

### Bangladesh Ambassador to Spain urges simplification of visa for Bangladeshis

At a bilateral meeting with Director General for Consular Affairs Xavier Martí Martí of the Ministry of Foreign Affairs, European Union and Cooperation of Spain held today in Madrid, Bangladesh's Ambassador to Spain Mohammad Sarwar Mahmood, *ndc* urged simplification of visa procedure for Bangladeshi nationals seeking to travel to Spain. The Ambassador said, "Spain is Bangladesh's 2nd largest export destination in the EU, while Bangladesh is Spain's fourth largest trade partner in Asia. Bilateral relation in trade, investment and other prospective areas is expanding day by day. Simplification and easing of visa process would contribute to the expansion of the relations further and reap benefits for the two peoples, particularly for private sector entrepreneurs and businessmen."

For Spanish residence, Bangladeshi expatriates are required to produce Police Clearance Certificate (PCC) issued by the Ministry of Home Affairs of Bangladesh, rather than by the Department of Police. The Ambassador said, "More than 50,000 Bangladeshis staying in Spain constitute the second largest expatriates' community in the EU. They make significant contributions to both the economies. Digitalized PCC issued by the Department of Police of Bangladesh is acceptable to and recognized by all countries of the world, except Spain. Obtaining a PCC from the Ministry of Home affairs is a very tedious, time-consuming and burdensome process. Since all Bangladeshi passports are now either Machine Readable Passports (MRPs) or E-Passports, if Spain accepts PCC issued by the Department of Police and subsequently legalized by the Ministry of Foreign Affairs of Bangladesh, that will alleviate people's sufferings a lot." The Ambassador also requested Spain to consider expatriates' Marriage Certificates issued and legalized by the competent authorities in Bangladesh acceptable.

The Ambassador remarked that the Spanish economy could be benefitted by recruiting skilled workforce and professionals from Bangladesh, particularly in the agriculture and ICT sectors. He also solicited support from the Spanish Foreign Ministry in expediting the release of five Bangladeshi nationals detained in a prison in Galicia province.

Director General Xavier Martí Martí assured the Ambassador that he would take up the issues with the concerned authorities and necessary steps would be taken.

EMBASSY OF BANGLADESH MADRID, SPAIN

Calle Manuel Marañón 13, 28043, Madrid, Tel:(+34) 914019932,914023085, Fax:(+34) 914029564, E-mail: mission.madrid@mofa.gov.bd, www.bangladeshembassy.es